


স্বাস্থ্য সেবা বিভাগ
সচিবের দপ্তর

তারিখঃ ১৩-০১-২০১৯ খ্রি.

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সঙ্গে আলোচনাক্রমে এই মন্ত্রণালয়ের অধীনে আগামী ১০০ দিনের জন্য নিম্নোক্ত কর্মসূচি নির্ধারণ করা হয়েছেঃ

১. সরকারের নির্বাচনী ইস্তহারে ঘোষিত কার্যক্রমের ডিঙিতে কর্ম পরিকল্পনা প্রণয়ন করতে হবে।
২. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সেবা সপ্তাহ উদ্‌যাপন করতে হবে।
৩. যে সব নতুন প্রকল্পসমূহের ডিপিপি প্রস্তুত হয়েছে সে সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পর পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।
৪. মন্ত্রণালয়ে থেকে মাঠপর্যায়ের কার্যক্রমের তদারকির প্রক্রিয়া চালু বিশেষ করে যন্ত্রপাতি, জনবল কর্মক্ষেত্রে উপস্থিতি তদারকি করতে হবে।
৫. মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ মাঠপর্যায়ের বিভিন্ন প্রতিষ্ঠান ও বিভিন্ন কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করবেন।
৬. স্বাস্থ্য সেবা বিভাগ ও স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব বিভাগীয় পর্যায়ে প্রতিষ্ঠান ও কার্যক্রমসমূহ পরিদর্শনের জন্য বিভাগীয় পর্যায়ে সফর করবেন।
৭. স্বাস্থ্য সেবা বিভাগের বিভিন্ন পদে ইতোমধ্যে গৃহীত পদোন্নতি প্রক্রিয়া শেষ করতে হবে।
৮. স্বাস্থ্য সেবা বিভাগের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে যথাযথ প্রচার প্রচারণা কার্যক্রম গ্রহণ করতে হবে।
৯. যে সব হাসপাতালে সহজে দৃশ্যমান সাইন বোর্ডসহ সেখানে নিওন সাইন এর সাইনবোর্ড স্থাপন করতে হবে।
১০. প্রতিটি হাসপাতালে প্রদেয় সেবা এবং গ্রহীতব্য বিভিন্ন ইউজার চার্জের তালিকা যথাযথভাবে প্রদর্শন করতে হবে।
১১. স্বাস্থ্য সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা গ্রহীতাগণ যে সব সমস্যার সম্মুখীন হন সে সব সমস্যা এবং তার সমাধানের বিষয়ে সেবা গ্রহীতাদের পরামর্শ গ্রহণের জন্য ওয়েব সাইটে চালু করতে হবে।
১২. হাসপাতালে এ্যাম্বুলেন্স ও উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাদের জন্য জীপ গাড়ী প্রদান করতে হবে।

এ বিষয়ে সংশ্লিষ্ট অধিদপ্তর ও কর্মকর্তাগণকে উপরিউক্ত কার্যক্রম বাস্তবায়নের জন্য পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।


(মোঃ আসাদুল ইসলাম)
সচিব

বিতরণ

১. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, নার্সিং ও মিডওয়াফারী অধিদপ্তর, ঔষধ প্রশাসন অধিদপ্তর।
৩. যুগ্ম-প্রধান(পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

অনুলিপি অবগতির জন্য

১. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।